জোট করলেও ভোটে নিজ দলের প্রতীক বাধ্যতামূলক করে আরপিও সংশোধন

সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সরকার গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) সংশোধন অধ্যাদেশ, ২০২৫ জারি করেছে। নতুন এই অধ্যাদেশে স্পষ্ট বলা হয়েছে—জোট গঠন করলেও প্রতিটি নিবন্ধিত রাজনৈতিক দলকে নিজস্ব প্রতীকে ভোটে অংশ নিতে হবে।

সোমবার (৩ নভেম্বর) আইন মন্ত্রণালয় থেকে অধ্যাদেশটির গেজেট প্রকাশ করা হয়। এর মাধ্যমে বড় দল বা জোটের প্রতীকের ব্যবহার পুরোপুরি নিষিদ্ধ করা হলো। অর্থাৎ, জোটভুক্ত প্রার্থী হলেও তিনি অন্য কোনো দলের প্রতীক ব্যবহার করতে পারবেন না।

গত ২৩ অক্টোবর উপদেষ্টা পরিষদের বৈঠকে আরপিও সংশোধনের খসড়ায় নীতিগত অনুমোদন দেওয়া হয়। সংশোধনের ২০ অনুচ্ছেদে পরিবর্তন আনার বিষয়ে বিএনপি আপত্তি জানালেও জামায়াতে ইসলামি ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) সরকারের প্রস্তাবের পক্ষে অবস্থান নেয়।

নির্বাচনকে ঘিরে শুধু আরপিও নয়, ভোটার তালিকা আইন, নির্বাচন কর্মকর্তা বিশেষ বিধান আইন এবং নির্বাচন কমিশন সচিবালয় আইন—এই তিনটিতেও সংশোধন সম্পন্ন করেছে নির্বাচন কমিশন (ইসি)। পাশাপাশি ভোটকেন্দ্র, দেশি-বিদেশি পর্যবেক্ষক এবং সাংবাদিকদের জন্য প্রণীত নীতিমালাও হালনাগাদ করা হয়েছে।

সরকারের এই পদক্ষেপের ফলে আসন্ন নির্বাচনে জোটগুলোর রাজনৈতিক কৌশলে পরিবর্তন আসতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।